34

দৈনিক বাংলা

তারিখ ... 31 DEC 1991 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

৩৭

# খুলনা মেডিক্যাল কলেজ আগামী শিক্ষাবর্ষে চালু হবে

নিজস্ব প্রতিনিধিঃ খুলনা ৩০ ডিসেম্বর।– আগামী শিক্ষাবর্ষ থেকে "খুলনা মেডিক্যাল কলেজ" চালু হবে বলে জানা গেছে। শীঘ্রই এখানে প্রথম ব্যাচে ছাত্র ভর্তি প্রক্রিয়া শুরু হবে। উল্লেখ্য, মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আহবানে খুলনাবাসী চাঁদা তুলে তহবিল সংগ্রহ করেন। সেই তহবিল দিয়ে সোনাডাঙ্গায় খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের বরাদ্দ করা জমিতে ভবন নির্মাণ করা হয়েছে। সেই ভবনে ১৯৮০ সালে খুলনা মেডিক্যাল কলেজ স্থাপন করে ছাত্র ভর্তি করা হয়। প্রায় দেড় বছর চলার পর প্রাক্তন প্রেসিডেন্ট এরশাদ এই মেডিক্যাল কলেজটি বন্ধ করে দেন এবং ছাত্রদের অন্য কলেজে পাঠিয়ে দেয়া হয়। কলেজের আসবাবপত্র, যন্ত্রপাতি ইত্যাদিও খুলনা থেকে স্থানান্তর করা হয়। পরে ঐ ভবনটিতে খুলনা শিশু ফাউন্ডেশন "প্রি–ক্যাডেট স্কুল" নামে একটি মাধ্যমিক স্কুল স্থাপন করা হয়। তা আজও সেখানে চলছে।

বাংলাদেশের মধ্যে খুলনাই একমাত্র বিভাগীয় শহর যেখানে কোন মেডিক্যাল কলেজ নেই। বিভিন্ন সংগঠন ১৯৮২ সাল থেকেই খুলনায় আবার মেডিক্যাল কলেজ স্থাপনের জোর দাবী জানিয়ে আসছেন। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর খুলনা বিভাগীয় শহরে একটি মেডিক্যাল কলেজ স্থাপনের ঘোষণা দিয়েছেন। জাতীয় সংসদের স্পীকার শেখ রাজ্জাক আলী ব্যক্তিগতভাবে এ ব্যাপারে উদ্যোগ নিয়েছেন।

জানা গেছে, শহরের বয়রায় নবনির্মিত "খুলনা হাসপাতালের" বেড সংখ্যা ৭৫ থেকে বাড়িয়ে ২৫০ বেড করা হবে। উল্লেখ্য, ৫০০ বেড হিসাবে এই হাসপাতাল ভবনের কাজ পাকিস্তান আমলে শুরু হয়। পরে এটিকে ২৫০ বেড হাসপাতাল হিসাবে এরশাদ উদ্বোধন করেন। সেই থেকে মাত্র ৭৫ বেড চালু আছে। প্রস্তাবিত খুলনা মেডিক্যাল কলেজের ক্লাস এই খুলনা হাসপাতাল ভবনে শুরু হবে। প্রাথমিকভাবে মেডিক্যাল কলেজের জন্য ৭৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।